

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৩৩

বিশ্রামগঞ্জ, ১৫ নভেম্বর, ২০২৪

সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

তত্ত্বাবধান বিস্তার মুন্ডার জনজয়ন্তী উপলক্ষে আজ সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হয়। বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সুবোধ দেববর্মা, বিধায়ক অন্তর্বর্তী সরকার দেব, বিধায়ক কিশোর বর্মণ, জেলাশাসক ও সমাহৃতা ড. সিদ্ধার্থশিব জয়সওয়াল, অতিরিক্ত জেলাশাসক ও সমাহৃতা রিস্কুল লাঠের প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, জনজাতিদের বিকাশে কেন্দ্রীয় ও রাজ্য সরকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ণ করছে। তিনি স্বাধীনতা সংগ্রামে বিস্তার মুন্ডার অগ্রণী ভূমিকার কথা তুলে ধরেন। তাছাড়াও উপস্থিত অন্যান্য অতিথিগণও জনজাতীয় গৌরব দিবস পালনের তাৎপর্য নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও পরিষেবার সুবিধা বেনিফিসিয়ারিদের মধ্যে বিতরণ করা হয়।
